দৈনিক সংবাদ
12 MAY 1989
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



# চিঠিপত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নন )

## প্রসঙ্গ ঃ ১০ম বি,সি,এস পরীক্ষা

বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন গত ২৮-৪-৮৯ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারভুক্ত শূন্যপদসমূহ পূরণের জন্য দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি মারফত আবেদনপত্র আহ্বান করেছেন। উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যারা তাদের স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে সকল পরীক্ষা আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১০ই জুনের পূর্বে সমাপ্ত করেছেন কিন্তু ফলাফল উক্ত তারিখের পূর্বে প্রকাশিত হয়নি তারা আবেদন করতে পারবেন। তবে তাদেরকে মৌখিক পরীক্ষার সময় উক্ত পরীক্ষায় পাশের সনদপত্র দাখিল করতে হবে।

এ ধরনের একটা সুযোগ দিয়ে কর্মকমিশন কর্তৃপক্ষ নিঃসন্দেহে অসংখ্য ছাত্রের উপকার করেছেন। তবে এ প্রসঙ্গে যারা ১৯৮৪-৮৫ সেশনের ছাত্র হিসেবে বিশ্ববিদ্যালয়ে অনার্স নিয়ে লেখাপড়া করছি তাদের ব্যাপারে একটু ভেবে দেখার জন্য কমিশন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

আগামী ১৫ই জুন থেকে আমাদের অনার্স ফাইনাল পরীক্ষা শুরু হচ্ছে। বর্তমানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যেরূপ সচেতন তাতে আমাদের অনার্স পরীক্ষার ফলাফল নিশ্চিতভাবে বি,সি,এস লিখিত পরীক্ষার অনেক আগেই হাতে পাব। আমাদের অনার্স পরীক্ষার পর থেকে বি,সি, এস লিখিত পরীক্ষার আগে পর্যন্ত এই ব্যাপক সময়টাতে আমরা বি,সি, এস-এর প্রস্তুতিও নিতে পারছি। উল্লেখ্য যে, ১৯৮৪-৮৫ সেশনের অর্থাৎ আমাদের ব্যাচের ছাত্ররা যারা পাস কোর্সে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হয়েছেন ইতিমধ্যে তারা একবার বি,সি, এস পরীক্ষায় অংশগ্রহণ করতে পেরেছেন, কিন্তু আমরা বিশ্ববিদ্যালয়ের অনার্সের ছাত্র হয়ে এ বছরও অল্পের জন্য বিসিএসএ, অংশগ্রহণ থেকে বঞ্চিত হচ্ছি। তাহলে কি আমাদের অনার্স পড়া অপরাধ? এমনিতেই বিশ্ববিদ্যালয়ের ৪ বছরের কোর্স শেষ হতে ৭/৮ বছর লেগে যায়, তারপরও আবার সামান্যর জন্য বহু আকাঙ্ক্ষিত এই পরীক্ষাটির অপেক্ষায় যদি আরো একটি বছর বসে থাকতে হয় তবে তা হবে আমাদের জন্য বেদনাদায়ক। তাই বি,সি,এস কর্তৃপক্ষের নিকট আমাদের একান্ত অনুরোধ 'আবেদনপত্র দাখিলের সাথে স্নাতক পরীক্ষায় অংশগ্রহণের সনদপত্র দাখিল করতে হবে' এই শর্ত বাতিল করে শুধুমাত্র মৌখিক পরীক্ষার সময় স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সনদপত্র দাখিল করতে হবে—এই শর্তে আমাদের এ বছরের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হোক।

অসিত বরণ সরকার ও
জগদীশ চন্দ্র সানা,
অক্টোবর স্মৃতিভবন
জগন্নাথ হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়।